# প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের '২০২৩-২৪ অর্থবছর'-এর বার্ষিক প্রতিবেদন

## (১) ভৌত ও অবকাঠামো উন্নয়ন

প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয় স্বাধীনতা পরবর্তী ১৯৭৬ সাল পর্যন্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়, পুরাতন হাইকোর্ট ভবনে অবস্থিত ছিল। পরবর্তীতে বাহিনী সদর দপ্তর ও আন্তঃবাহিনী সংস্থাসমূহের সাথে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার সুবিধার্থে প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয় ১৯৮৪ সালে ১৯৮, ঢাকা সেনানিবাস, ঢাকায় স্থানান্তরিত হয়ে একটি টিন শেড ভবনে কার্যক্রম শুরু করে।



(প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়)

## (২) সংগঠন ও ক্রয়

এ কার্যালয়ে বর্তমানে প্রাধিকৃত কর্মচারীর সংখ্যা ৪৪ জন। তন্মধ্যে ৩য় হতে ৯ম গ্রেডের ০৬ জন, ১০ম গ্রেডের ০৩ জন, ১১ হতে ১৬তম গ্রেডের ১৩ জন এবং ১৭তম হতে ২০তম গ্রেডের ১৩ জনসহ মোট ৩৫ জন বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী দ্বারা এ কার্যালয়টি বর্তমানে পরিচালিত হচ্ছে। এছাড়াও এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন সশস্ত্র বাহিনী বিভাগ, সেনা, নৌ ও বিমান বাহিনী সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ, ন্যাশনাল ডিফেন্স কলেজ ও আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদে (মোট ০৯টি সংস্থায়) ৩য় হতে ২০তম গ্রেড পর্যন্ত বিভিন্ন পদে মোট প্রাধিকৃত ২২১২ জন বেসামরিক জনবলের বিপরীতে বর্তমানে ১৮৮১ জন বেসামরিক জনবল কর্মরত আছে। উল্লেখ্য ২০২৩-২০২৪ অর্থবছরে এ কার্যালয় কর্তৃক উল্লেখযোগ্য কোন সম্পদ ক্রয়/সংগ্রহ করা হয়নি।

## (৩) মানবসম্পদ উন্নয়ন প্রশিক্ষণ

(ক) **শূন্যপদ পূরণ** ঃ ২০২৩-২৪ অর্থবছরে ১ম শ্রেণির পদে ১৬ জন বেসামরিক কর্মকর্তাকে শূন্যপদের বিপরীতে নিয়োগ প্রদান করা হয়েছে।

(খ) **পদোন্নতি** ঃ ২০২৩-২৪ অর্থবছরে ১ম শ্রেণির পদে ১১ জন বেসামরিক কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হয়েছে।





Anuramel
১৮০৯২৪

(গ) **প্রশিক্ষণ** ঃ ২০২৩-২৪ অর্থবছরে এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন সশস্ত্র বাহিনী সদর দপ্তর ও আন্তঃবাহিনী সংস্থাসমূহে কর্মরত ৭৯২ জন বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীকে শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়সহ পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




(প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন)

## (৪) আন্তর্জাতিক সম্পৃক্ততা

প্রযোজ্য নয়।

## (৫) কল্যাণমূলক কার্যক্রম

- বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা কর্তৃক প্রদত্ত ০১ জন বেসামরিক কর্মচারীকে মৃত্যুজনিত কারণে ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকার আর্থিক অনুদান মঞ্জুরি প্রদানের জন্য সুপারিশপত্র প্রেরণ করা হয়েছে।
- বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত ০২ জন মৃত বেসামরিক কর্মচারীর পরিবারকে কল্যাণ ভাতা প্রদানের জন্য সুপারিশপত্র প্রেরণ করা হয়েছে।
- বাহিনী সদর দপ্তর ও আন্তঃবাহিনী সংস্থাসমূহে কর্মরত এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন ৫৭ জন বেসামরিক কর্মকর্তা/কর্মচারীর পেনশন মঞ্জুরি প্রদান করা হয়েছে।

## (৬) তথ্য প্রযুক্তি খাতে উন্নয়ন

এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন সশস্ত্র বাহিনী সদর দপ্তর ও আন্তঃবাহিনী সংস্থাসমূহের সাংগঠনিক কাঠামোতে বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের দায়িত্ব অত্র কার্যালয় পালন করে থাকে। এ কার্যালয় ৯ম থেকে ২০তম বেতন গ্রেডের বেসামরিক কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনলাইনের মাধ্যমে নিয়োগের কার্যক্রম সম্পন্ন করে থাকে যা তথ্য প্রযুক্তি খাতে উন্নয়নে অবদান রেখেছে।

## (৭) উদ্ভাবনী ও সেবাসহজীকরণ কার্যক্রম

উদ্ভাবনী ও সেবাসহজীকরণ কার্যক্রমের অংশ হিসেবে এ কার্যালয় ২০২৩-২৪ অর্থবছরে জিপি কর্পোরেট সিমের মাধ্যমে বাল্ক এসএমএস (SMS) চালু করা হয়েছে।

**(৮) ব্লু ইকোনমি (নৌবাহিনীর জন্য প্রযোজ্য)**

**(৯) নারী উন্নয়ন কার্যক্রম**

এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন সশস্ত্র বাহিনী সদর দপ্তর ও আন্ত:বাহিনী সংস্থাসমূহের সাংগঠনিক কাঠামোতে বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক মহিলা কোটা পূরণসহ মেধার ভিত্তিতে মহিলা কর্মকর্তা ও কর্মচারী অত্র কার্যালয় কর্তৃক নিয়োগ করা হয় যা নারী উন্নয়নে বিশেষ অবদান রেখেছে।

**(১০) প্রকাশনা**

এ কার্যালয় কর্তৃক সশস্ত্র বাহিনীর প্রয়োজনে ৬০০০ সংখ্যক ডায়েরী ও ৫০০০ সংখ্যক নোট বুক মুদ্রণ এবং সেনা নির্দেশিকা/জেএসআই ও অন্যান্য বিধি-বিধান সম্পর্কিত পুস্তিকাদী প্রকাশনা পূর্বক সরবরাহ করা হয়েছে।

**(১১) আইন, বিধিমালা, নীতিমালা ইত্যাদি প্রণয়ন/সংশোধন**

এ কার্যালয় কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে কোন আইন, বিধিমালা ও নীতিমালা ইত্যাদি প্রণয়ন/সংশোধন হয়নি।

**১২) ফোর্সেস গোল-২০৩০ (প্রযোজ্য ক্ষেত্রে)**

প্রযোজ্য নয়।

**(১৩) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন**

এ কার্যালয় কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে।

**(১৪) জাতীয় শুদ্ধাচার কৌশল**

সরকারের নির্দেশনা অনুযায়ী এ কার্যালয় কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে।

**১৫) জুন/২০২৩ পর্যন্ত গুরুত্বপূর্ণ অর্জন**

এ কার্যালয় কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে ১ম শ্রেণির পদে ১৬ জন বেসামরিক কর্মকর্তাকে শূন্যপদের বিপরীতে নিয়োগ, ১ম শ্রেণির পদে ১১ জন বেসামরিক কর্মকর্তাকে পদোন্নতি এবং এ কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন সশস্ত্র বাহিনী সদর দপ্তর ও আন্তঃবাহিনী সংস্থাসমূহে কর্মরত ৭৯২ জন বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীকে শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়সহ পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে যা বেকারত্ব নিরসন ও দক্ষ মানব সম্পদ উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে।

**১৬) এসডিজি**

প্রযোজ্য নয়।

**(১৭) অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম**

- ২০২৩-২৪ অর্থ-বছরে সেনাবাহিনীর ১০ প্রকারের মোট ৩৩৫৩টি অফিস সরঞ্জামাদি এবং ৭ প্রকারের লেখসামগ্রী ক্রয়ের জন্য প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরে ইন্ডেন্ট প্রেরণ করা হয়েছে।
- বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের মাধ্যমে এ কার্যালয় কর্তৃক সেনাবাহিনীর প্রায় ৮৬ প্রকারের ১৭৪,৯০,৯৩৫টি সেনাফরম মুদ্রণের নিমিত্ত তদারকির দায়িত্ব পালনসহ সেনা নির্দেশিকা ও জেএসআই এবং অন্যান্য বিধি-বিধান সম্পর্কিত পুস্তক মুদ্রণের ব্যবস্থা করা হয়েছে।
- সেনা নির্দেশিকা ৪/৮৮ মোতাবেক এ কার্যালয় কর্তৃক সিজিডিএফ, এসএফসি (ডিপি), এসএফসি (পূর্ত) এবং এডিশনাল সিসিডিএফ (সিভিল) কার্যালয়ের জন্য লেখসামগ্রী সংগ্রহ ও বিতরণ করা হয়েছে।
- মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় এ কার্যালয়ের বাজেট কাঠামো প্রণয়ন করা হয়েছে।
- নন-ট্যাক্স রেভিনিউ খাতে ৩১,৬৯,৮৮৯/- (একত্রিশ লক্ষ উনশত্তর হাজার আটশত উননব্বই) টাকা সরকারি কোষাগারে জমা করা হয়েছে।





Mozammel
১৮/০৯/২৪

মোজাম্মেল হক
সহকারী পরিচালক (নন-টেকনিক্যাল)
প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়
প্রতিরক্ষা মন্ত্রণালয়